

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩০৩২(আগরতলা-০৭।১২)  
জিরানীয়া, ০৭ ডিসেম্বর, ২০১৭।।

মানুষকে ভালোবাসার শিক্ষা দিতে হবে ছাত্র-ছাত্রীদের : মুখ্যমন্ত্রী

রাজ্যে শিক্ষার ক্ষেত্রে এখন অনেক পরিবর্তন এসেছে। রাজ্যে এক সময় বিদ্যালয়গুলির পরিকাঠামো অনেক অনুন্নত ছিল। এখন আর সেই সমস্যা নেই। সেই সুযোগকে কাজে লাগাতে হবে। আজ খুমলুঙে ৮ কোটি টাকা ব্যয়ে নির্মিত খুমপুই একাডেমীর নতুন পাকাবাড়ীর উদ্বোধন করে একথা বলেন মুখ্যমন্ত্রী মানিক সরকার। তিনি বলেন, ছেলেমেয়েদের শুধু পরীক্ষায় ভাল ফল করলে চলবে না, সাথে বিভিন্ন ধরনের বই পড়তে হবে। তাদের জ্ঞান, বুদ্ধি, বিবেচনা বিকশিত করতে হবে। তিনি বলেন, ছেলেমেয়েদের পড়াশোনার পাশাপাশি খেলাধুলা করতে হবে। কেননা এটি শিক্ষার একটা অঙ্গ। এটি ছাত্র ছাত্রীদের সার্বিক বিকাশে সহায়তা করে। মুখ্যমন্ত্রী বলেন, সুস্থ চিন্তার বিকাশ ঘটতে ছেলেমেয়েদের গানবাজনা করতে হবে। মুখ্যমন্ত্রী বলেন, শিক্ষার কোন বিকল্প নেই। শিক্ষা হচ্ছে অমূল্য সম্পদ। তিনি বলেন, শিক্ষার সবচেয়ে বড় দিক হল চরিত্র গঠন। পরিবারের অভিভাবক হলেন শিশুর প্রথম শিক্ষক। তাই বাড়িতে ছেলেমেয়েদের সুশিক্ষা দিতে হবে। ছেলেমেয়েদের সত্য কথা বলতে উৎসাহী ও সাহসী করতে হবে এবং মানুষকে ভালবাসতে শিক্ষা দিতে হবে। তিনি বলেন, সবদিকে লক্ষ্য রেখে ত্রিপুরা সরকার বাজেটের বেশীরভাগ অর্থ শিক্ষা ক্ষেত্রে ব্যয় করছে। তিনি আরো বলেন, উপজাতি অধ্যুষিত এলাকার উন্নয়নে সরকার অগ্রাধিকার দিচ্ছে। রাজ্যে এখন শান্তি ফিরে এসেছে। শান্তি সম্প্রীতি নষ্ট হলে উন্নয়ন করা যাবে না।

অনুষ্ঠানে প্রধান অতিথি ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদের মুখ্য কার্যনির্বাহী সদস্য রাখাচরণ দেববর্মা ও বিশেষ অতিথি ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদের চেয়ারম্যান ড. রঞ্জিত দেববর্মা বক্তব্য রাখেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এ ডি সি'র কার্যনির্বাহী সদস্য রাজেন্দ্র রিয়াং। স্বাগত ভাষণ রাখেন এ ডি সি-এর মুখ্য কার্যনির্বাহী আধিকারিক সন্দীপ আর রাঠোর।

উল্লেখ্য, খুমপুই একাডেমীর এই পাকাবাড়ীতে মোট ৩৬টি রুম রয়েছে। পাকাবাড়ীটি ২৩০৪.৩১ বর্গমিটার জায়গার উপর গড়ে উঠেছে।

\*\*\*\*\*